

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৮৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৪. যিনি বলেন, রম্যানের যে কোন রাতে শবে রুদর অনুষ্ঠিত হয়

باب مَنْ قَالَ هِيَ فِي كُلِّ رَمَضَانَ

আরবী

حدَّ ثَنَا حُمَيْدُ بْنُ زَنْجُويَهُ النَّسَائِيُّ، أَخْبَرَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ بْنِ أَبِي كَثِيرٍ، أَخْبَرَنَا مُوسَى بْنُ عُقْبَةَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمْرَ، قَالَ: سُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَأَنَا أَسْمَعُ عَنْ لَيْلَةِ الْقَدْرِ فَقَالَ " بْنِ عُمْرَ، قَالَ: سُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَأَنَا أَسْمَعُ عَنْ لَيْلَةِ الْقَدْرِ فَقَالَ " هِيَ فِي كُلِّ رَمَضَانَ ". قَالَ أَبُو دَاوُدَ: رَوَاهُ سُفْيَانُ وَشُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ مَوْقُوفًا عَلَى ابْنِ عُمْرَ لَمْ يَرْفَعَاهُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم.

_ ضعيف: والصحيح موقوف

বাংলা

১৩৮৭। 'আবদুল্লাহ ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে 'লাইলাতুল কদর' সম্বন্ধে জিজ্ঞেস করা হলে তা আমি শুনি। তিনি বলেছেনঃ তা পুরো রমাযানেই নিহিত আছে। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, সুফিয়ান ও শু'বাহ এ হাদীসটি আবূ ইসহাক হতে ইবনু 'উমারের নিজস্ব বক্তব্যরূপে বর্ণনা করেছেন, তাঁরা এর সানাদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত পোঁছাননি।[1]

দুর্বল; সহীহ হচ্ছে মাওকুফ।

English

Narrated 'Abd Allah bin 'Amr:

The Messenger of Allah (ﷺ) was asked about lailat al-qadr and I was hearing: He said: It is during the whole of Ramadan.



Abu Dawud said: Sufyan and Shu'bah narrated this tradition from Abu Ishaq as a statement of Ibn 'Umar himself, they did not transmit it as a saying of the Prophet (ﷺ)

ফুটনোট

[1] বায়হাক্কী 'সুনানুল কুবরা' (৪/৩০৭)। এর সানাদ দুর্বল।

ক্বদর রাত বিষয়ক (১৩৭৮-১৩৮৭ নং) হাদীসসমূহ হতে শিক্ষাঃ

- ১। রুদরের রাত রমাযান মাসেই নিহীত।
- ২। এটি খুবই ফাযীলাতপূর্ণ রাত।
- ৩। এ রাত রমাযানের শেষ দশকের বিজোড় রাতসমূহে নিহীত।
- ৪। প্রতি বছর রুদর রাত একই তারীখে অনুষ্ঠিত হয় না। বরং তা পরিবর্তন হয়। কাজেই বিজোড় রাতগুলোর মধ্যে কোনটিকে নির্দিষ্ট না করে রমাযানের ২১, ২৩, ২৫, ২৭, ও ২৯ এগুলোর প্রতিটি রাতেই রুদর অনুসন্ধান করতে হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন